

ৰ গাফির (আল মু'মিন) | Ghafir (Al-Mu□min) | غَافر(ٱلْمُؤْمن)

আয়াতঃ ৪০ : ৬৯

💵 আরবি মূল আয়াত:

اَلَم تَرَ إِلَى الَّذِينَ يُجَادِلُونَ فِي أَيْتِ اللَّهِ ؟ اَنَّى يُصرَفُونَ ﴿ ٢٩﴾

তুমি কি তাদের প্রতি লক্ষ্য করনি যারা আল্লাহর নিদর্শনাবলী সম্পর্কে বাকবিতন্তা করে? তাদেরকে কোথায় ফিরানো হচ্ছে? — আল-বায়ান

তুমি কি তাদের প্রতি লক্ষ্ম কর না যারা আল্লাহর নির্দশনগুলো সম্পর্কে বাক-বিতন্তা করে? (সত্য থেকে) তাদেরকে কীভাবে ফিরিয়ে নেয়া হচ্ছে? — তাইসিরুল

তুমি কি লক্ষ্য করনা তাদের প্রতি যারা আল্লাহর নিদর্শন সম্পর্কে বিতর্ক করে? কিভাবে তাদেরকে বিপথগামী করা হচ্ছে? — মুজিবুর রহমান

Do you not consider those who dispute concerning the signs of Allah - how are they averted? — Sahih International

৬৯. আপনি কি লক্ষ্য করেন না তাদেরকে যারা আল্লাহ্র নিদর্শন সম্পর্কে বিতর্ক করে? তাদেরকে কোথায় ফিরানো হচ্ছে?

তাফসীরে জাকারিয়া

- (৬৯) তুমি কি ওদের লক্ষ্য কর না, যারা আল্লাহর নিদর্শনাবলী সম্পর্কে বিতর্ক করে?[1] ওরা কোথায় ফিরে যাচ্ছে? [2]
 - [1] অস্বীকার ও মিথ্যাজ্ঞান করার জন্য অথবা তা খন্ডন ও বাতিল সাব্যস্ত করার জন্য।
 - [2] অর্থাৎ, প্রমাণাদি এসে যাওয়া এবং সত্য প্রকাশিত হয়ে যাওয়া সত্ত্বেও ওরা কিভাবে তা প্রত্যাখ্যান করছে? এটা হল আশ্চর্যের প্রকাশ।

তাফসীরে আহসানল বায়ান





👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন